দৈনিক জনকণ্ঠ

DEC. 08 2001

# ঈদের পর শুরু হবে রাজধানীর সরকারী স্কুলে ভর্তিযুদ্ধ !

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর সরকারী স্কুলে শিশু-কিশোরদের ভর্তিযুদ্ধ শুরু হবে ঈদের পর। মহানগরীর ২৪টি সরকারী স্কুলে প্রথম শ্রেণীতে প্রায় পাঁচ সহস্রাধিক আসনে শিশু-কিশোর ভর্তি করা হবে। এছাড়া ষষ্ঠ শ্রেণীতে কত ছাত্র ভর্তি করা হবে তা নির্ধারণের কাজ

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

(১২-এর পাতার পর) **ঈদের পর শুরু হবে**

চলছে। অন্যান্য শ্রেণীতে আসন খালি থাকা সাপেক্ষে শিক্ষার্থী ভর্তি করা হবে। আগামী ২২ ডিসেম্বর থেকে দেয়া হবে ভর্তি ফরম। ফরম বিতরণ ও জমা নেয়া চলবে ৫ জানুয়ারি পর্যন্ত।

আগামী ৮, ১০ ও ১২ জানুয়ারি ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রাজধানীর ২৪টি সরকারী স্কুলকে তিন গ্রুপে ভাগ করা হয়েছে। প্রতি গ্রুপে স্কুল সংখ্যা আট। ৮ জানুয়ারি 'এ', ১০ জানুয়ারি 'বি' এবং ১২ জানুয়ারি 'সি' গ্রুপের পরীক্ষা অনুষ্ঠিত হবে। অভিভাবকরা ৫০ টাকার বিনিময়ে যে স্কুলে সন্তান ভর্তি করতে চান সেই স্কুল থেকে ফরম সংগ্রহ করতে পারবেন। প্রতি গ্রুপের আটটি স্কুলের জন্য অভিন্ন প্রশ্নমালা প্রণয়ন করা হবে। আগামী ২২ ডিসেম্বর শিক্ষা অধিদফতরে ভর্তিসংক্রান্ত ওয়ার্কিং কমিটির সভায় ভর্তি পরীক্ষা, প্রশ্নপত্র ও আসনসহ বিভিন্ন বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত হবে বলে জানা যায়।